SHAKTI
নারীর ক্ষমতায়নে শক্তি

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি(এম আর এ)
সনদ নং
০০১৭৬-০০০৫৯-০০০১৮

# শক্তি বার্তা

বিশেষ সংযোজন
ফিরে দেখা
২০২৪



## ২য় বাংলাদেশ এনার্জি প্রসপেরিটি কনফারেন্সে কো-অর্গানাইজার শক্তি ফাউন্ডেশন






বাংলাদেশে নবায়নযোগ্য জ্বালানির ভবিষ্যৎ সম্ভাবনা নিয়ে আয়োজিত ২য় বাংলাদেশ এনার্জি প্রসপেরিটি কনফারেন্স ২০৫০-এ কো-অর্গানাইজার হিসেবে অংশগ্রহণ করেছে শক্তি ফাউন্ডেশন। কনফারেন্সের ২য় ও ৩য় দিনে 'Practice and Potential of Renewable Energy in Bangladesh' এবং 'Creating 100K New Jobs in RE: Role of Youths in Transition' শীর্ষক দুইটি আলোচনায় অংশগ্রহণ করেন শক্তি ফাউন্ডেশনের উপ-নির্বাহী পরিচালক ইমরান আহমেদ। তিনি বাংলাদেশে রুফটপ সোলার প্যানেল ব্যবহারের ভবিষ্যৎ সম্ভাবনা ও চ্যালেঞ্জ নিয়ে আলোকপাত করেন এবং নবায়নযোগ্য জ্বালানি খাতে তরুণদের কর্মসংস্থানের ক্ষেত্রে সঠিক পরিকল্পনা, প্রণোদনা এবং যথাযথ বাস্তবায়নের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। গত ১১ থেকে ১৩ ডিসেম্বর রাজধানীর বিয়াম মিলনায়তনে এ কনফারেন্সের আয়োজন করে বেসরকারি উন্নয়ন সংস্থার সমন্বিত জোট বাংলাদেশ ওয়ার্কিং গ্রুপ অন ইকোলজি অ্যান্ড ডেভেলপমেন্ট (বিডব্লিউজিইডি)।

## ফেস্টিভ্যাল অব ইয়োগা অ্যান্ড ওয়েলনেসে শক্তির নানা আয়োজন





বায়ুদূষণ প্রতিরোধ ও এ নিয়ে সচেতনতা বাড়াতে দীর্ঘদিন ধরে কাজ করে আসছে শক্তি ফাউন্ডেশন। এরই ধারাবাহিকতায় নানা আয়োজন নিয়ে ঢাকা ফ্লো ফেস্টিভ্যাল অব ইয়োগা অ্যান্ড ওয়েলনেসে অংশগ্রহণ করেছে শক্তি। গত ৬ ডিসেম্বর রাজধানীর গুলশান সোসাইটি লেক পার্কে আয়োজিত এ উৎসবে শিশু ও বড়দের জন্য শক্তি বিভিন্ন কার্যক্রম আয়োজন করে, যার উদ্দেশ্য ঢাকা শহরের ক্রমবর্ধমান বায়ুদূষণ নিয়ে নগরবাসীকে সচেতন করা; শক্তির স্টলে ছিল শুকনো পাতায় ছবি আঁকার ব্যবস্থা, যার উদ্দেশ্য শীতকালে শুকনা পাতা পোড়ানো কীভাবে বাতাসে দূষণের মাত্রা বাড়িয়ে দেয়, সে সম্পর্কে মানুষকে জানানো ও পাতা না পুড়িয়ে তা অন্য উপায়ে ব্যবহার করতে উদ্বুদ্ধ করা। আরও ছিল বায়ুদূষণের মাত্রা নির্দেশক একিউআই মনিটর, যাতে দেখানো হয়েছে বায়ুদূষণ কীভাবে প্রতিনিয়ত মানুষের ফুসফুসের ক্ষতি করে। উৎসবের ভিন্ন এক আয়োজনে বায়ুদূষণ নিয়ে 'দ্য পয়জন ইউ ব্রিদ' শীর্ষক একটি আলোচনা অনুষ্ঠানে যোগ দেন শক্তি ফাউন্ডেশনের ক্লাইমেট চেঞ্জ প্রোগ্রামের স্ট্র্যাটেজিক অ্যাডভাইজার লাবিবা রহমান।

## নাসা গ্লোব প্রোগ্রামে যুক্ত হলো উৎস বিদ্যানিকেতন





বাংলাদেশের গ্রামীণ শিক্ষার্থীদের মধ্যে STEM (Science, Technology, Engineering, Mathematics) শিক্ষার প্রসারে শক্তি ফাউন্ডেশন প্রথমবারের মতো নাসা'র গ্লোব প্রোগ্রাম বাস্তবায়ন করছে। সম্প্রতি, এই উদ্যোগে যুক্ত হয়েছে গাজীপুরের শ্রীপুরের উৎস বিদ্যানিকেতন। গত ১ ডিসেম্বর স্কুলটির ১৪ জন শিক্ষার্থী ৪ জন শিক্ষকের তত্ত্বাবধানে মেঘ, মশা ও পানির তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করে তা নাসাতে প্রেরণ করে। গ্লোব প্রোগ্রামটি বাংলাদেশে STEM শিক্ষার প্রসারের জন্য একটি উদ্যোগ, যা ২০২৪ সালের ফেব্রুয়ারিতে শক্তি ফাউন্ডেশন, ব্রাইটারস সোসাইটি বাংলাদেশ এবং ঢাকাস্থ মার্কিন দূতাবাসের সহযোগিতায় চালু করা হয়।

## আইএফআইসি ব্যাংকের নারী গ্রাহকদের জন্য শক্তির স্বাস্থ্যসেবা



নারী গ্রাহকদের স্বাস্থ্যসেবা দিতে সমঝোতা স্মারক সই করেছে শক্তি ফাউন্ডেশন ও আইএফআইসি ব্যাংক। গত ১২ ডিসেম্বর ঢাকায় আইএফআইসি ব্যাংকের প্রধান কার্যালয়ে সমঝোতা স্মারকটি সই করা হয়। এই উদ্যোগের মাধ্যমে আইএফআইসি ব্যাংকের নারী গ্রাহকরা শক্তি ফাউন্ডেশনের হেলথ প্রোগ্রামের আওতায় পেশাদার মেডিকেল অ্যাসিস্ট্যান্ট, ডাক্তার এবং বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শ পাবেন। এই যৌথ প্রচেষ্টার মাধ্যমে প্রান্তিক নারী গ্রাহকরা আর্থিক সেবা ছাড়াও স্বাস্থ্য সচেতনতা ও শিক্ষার সুযোগ পাবেন।

## শীতে উষ্ণতা ছড়িয়ে দিতে শক্তি ফাউন্ডেশনের ছোট্ট প্রয়াস



দীর্ঘদিন ধরে নানা সহায়তা নিয়ে রাজশাহী বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের পাশে আছে শক্তি ফাউন্ডেশন। এরই ধারাবাহিকতায় তাদের শীতের কষ্ট লাঘব করতে এবার বিদ্যালয়টির ১৪৫ জন শিক্ষার্থীর মধ্যে কম্বল বিতরণ করা হয়েছে; গত ১৫ ডিসেম্বর বিদ্যালয়ের বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের হাতে কম্বল তুলে দেন সম্মানিত অতিথিরা। এসময় শিক্ষার্থীরা মনোমুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করে, যা সকলের হৃদয় ছুঁয়ে যায়।

## প্রতিবন্ধী স্বাস্থ্যসেবার মান উন্নয়নে প্রশিক্ষণ



প্রতিবন্ধী ব্যক্তিদের স্বাস্থ্যসেবা প্রদান আরও সহজ করতে মোবাইল ক্লিনিক প্রকল্পের মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট এবং ড্রাইভারদের 'প্রতিবন্ধী অন্তর্ভুক্তি' বিষয়ে প্রশিক্ষণ দেওয়ার উদ্যোগ নিয়েছে শক্তি ফাউন্ডেশন। অস্ট্রেলিয়ার অপরচুনিটি ইন্টারন্যাশনালের আওতায় ও সেন্টার ফর ডিজঅ্যাবিলিটি ইন ডেভেলপমেন্টের (সিডিডি) সহায়তায় গত ২১ ডিসেম্বর থেকে ২৩ ডিসেম্বর তিন দিনব্যাপী এই প্রশিক্ষণ আয়োজন করা হয়। এই প্রশিক্ষণের মাধ্যমে কর্মীদের সক্ষমতা বাড়বে, যেন তারা প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আরও অন্তর্ভুক্তিমূলক ও সহজলভ্য স্বাস্থ্যসেবা প্রদান করতে পারেন।

## লাউতলা বনের অপরূপ সৌন্দর্য উপভোগ



বাংলাদেশ এনার্জি প্রসপেরিটি ২০৫০ কনফারেন্সের সফল আয়োজন শেষে আয়োজক কমিটির একদল প্রতিনিধি মোহাম্মদপুরের বসিলায় অবস্থিত দেশের প্রথম শহুরে বন, লাউতলা বন পরিদর্শন করেন। গত ১৫ ডিসেম্বর শক্তি ফাউন্ডেশনের কয়েকজন কর্মী তাদেরকে বনটি ঘুরিয়ে দেখান এবং বনটি সম্পর্কে বিভিন্ন তথ্য তুলে ধরেন। উল্লেখ্য যে, আমরাই প্রথম এই ইট-পাথরের ঢাকা শহরে তৈরি করেছি অপরূপ সৌন্দর্যে গড়া জীব-বৈচিত্র্য সমৃদ্ধ শহুরে বন।

## একনজরে শক্তি (ডিসেম্বর ৩১, ২০২৪)

বিভাগ
৮

জেলা
৫৭

জোন
৪

রিজিয়ন
২৭

এরিয়া
১১৪

শাখা
৫৬৪

সদস্য সংখ্যা
৪৭৮,০২২
ঋণী সংখ্যা
৩৭৩,৭১৬ জন

সঞ্চয় স্থিতি
১১৪৪.১৩
কোটি টাকা

ঋণস্থিতি
২,৮১২.৩৫
কোটি টাকা

কর্মী সংখ্যা
৫২০০ জন

# ফিরে দেখা ২০২৪



**জানুয়ারি ঃ** শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ




**জানুয়ারি ঃ** পাড়া উৎসবে “দ্যা মোস্ট ইনফরমেটিভ স্টল অ্যাওয়ার্ড” অর্জন




**ফেব্রুয়ারি ঃ** নাসা গ্লোব প্রোগ্রামের শুভ উদ্বোধন



**মার্চ ঃ** শক্তি ফুটবল টুর্নামেন্ট ২০২৪




**মার্চ ঃ** শ্রদ্ধেয় প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালকের SAARC Women's Association Award of Excellence অর্জন



**মার্চ ঃ** পবিত্র মাহে রমজান উপলক্ষে পথচারী এবং দরিদ্র মানুষের মাঝে মাসব্যাপী বিনামূল্যে ইফতার বিতরণ



**এপ্রিল ঃ** ঈদুল ফিতর উপলক্ষে বৃদ্ধাশ্রম ও অটিস্টিক স্কুলে খাবার এবং বস্ত্র বিতরণ



**মে ঃ** ঘূর্ণিঝড় রেমালের তাণ্ডবে ক্ষতিগ্রস্ত বানারীপাড়া এবং পিরোজপুর এলাকার ক্ষতিগ্রস্তদের ত্রাণ সহায়তা




**জুন ঃ** বিশ্ব পরিবেশ দিবস উদযাপন উপলক্ষে নীতি নির্ধারণী সংলাপ




**জুন ঃ** স্বপ্ন করো জয় এইচএসসি পরীক্ষার্থীদের শুভেচ্ছা উপহার প্রদান




**জুন ঃ** সিলেট এবং সুনামগঞ্জের বন্যায় বিপর্যস্তদের ত্রাণ সহায়তা এবং হেলথ ক্যাম্পের আয়োজন




**জুলাই ঃ** জোন অফিস শুভ উদ্বোধন

# ফিরে দেখা ২০২৪



**জুলাই ঃ** কর্মক্ষেত্রে নারীর নিরাপত্তা নিশ্চিতকরণ বিষয়ক সংলাপ



**আগস্ট ঃ** ট্রাফিক নিয়ন্ত্রণকারী শিক্ষার্থীদের মাঝে খাবার বিতরণ



**আগস্টঃ** জুলাই-আগস্টে গুরুতর আহতদের সহায়তা প্রদান



**আগস্ট ঃ** ফেনি ও নোয়াখালীর বন্যা দুর্গতদের ত্রাণ ও অন্যান্য সহায়তা প্রদান



**সেপ্টেম্বর ঃ** প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিলে ১ দিনের বেতন প্রদান




**সেপ্টেম্বর ঃ** স্বচ্ছতা ও সুশাসনের জন্য ৩য় বারের মতো আইসিএবি ন্যাশনাল অ্যাওয়ার্ড অর্জন



**অক্টোবর ঃ** ঢাকা শহরের বায়ুদূষণ রোধে বৃক্ষরোপণ ও সবুজায়ন কর্মসুচি বাস্তবায়নের লক্ষ্যে রাজউকের সাথে সমঝোতা চুক্তি স্বাক্ষর



**নভেম্বর ঃ** সাভার **STARC** এএস ওয়ার্কশপ



**নভেম্বর ঃ** স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসনের ভিত্তিতে বার্ষিক প্রতিবেদনের জন্য সাফা কর্তৃক 'সার্টিফিকেট অব মেরিট' অর্জন



**নভেম্বর ঃ** আজারবাইজান বাকুতে কপ ২৯ সম্মেলনে সক্রিয় অংশগ্রহণ



**নভেম্বর ঃ** ৩৪টি নতুন শাখার যাত্রা শুরু




**ডিসেম্বর ঃ** বায়ুদূষণ রোধে সচেতনতা কার্যক্রম

প্রতি মাসে 'শক্তি বার্তা'র অনলাইন কপি পেতে ইমেইল চেক করতে ভুলবেন না।